সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
আইসিটি সেল
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২
www.bridgesdivision.gov.bd

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন (stakeholders) অংশগ্রহণে সভার কার্যবিবরণী।

সভাপতি	রশিদুল হাসান সচিব (রুটিন দায়িত্ব)
সভার তারিখ	**১৯ ডিসেম্বর ২০২৪ খ্রি.**
সভার সময়	**সকাল ১০:৩০ টা**
স্থান	ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্প এলাকা
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি মহান মুক্তিযুদ্ধে ও জুলাই-২৪ ছাত্র-জনতার আন্দোলনে বীর শহিদদের বিদেহী আত্মার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন এবং সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তারপর তিনি উপসচিব (প্রশাসন), সেতু বিভাগকে অংশীজন সভার কার্যক্রম শুরু করতে অনুরোধ জানান। অতঃপর উপসচিব (প্রশাসন) উপস্থিত সকলকে স্ব স্ব পরিচিতি তুলে ধরার জন্য অনুরোধ করেন। পরিচিতি পর্বের পর তিনি সভার প্রেক্ষাপট বর্ণনা করে বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ সুশাসন প্রতিষ্ঠার বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সাথে কাজ করছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) সভা আয়োজন করে থাকে।

সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন), সেতু বিভাগ অংশীজনগণের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। এ পর্যায়ে সভাপতি সার্বিক বিষয়ে মতামত উপস্থাপন করার জন্য উপস্থিত অংশীজনের প্রতি আহ্বান জানান।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	জনাব মাহমুদুল হাসান জানান, আশুলিয়া এলাকায় তার স্থাপনা ছিল। CCDB এর মাধ্যমে তিনি ক্ষতিপূরণের জন্য আবেদন করেন। আজ চেক গ্রহণ করতে এসেছেন। ক্ষতিগ্রস্থ হিসেবে তিনি ক্ষতিপূরণ পাচ্ছেন। পরবর্তীতে পুনরায় মূল্যায়ন করা হলে একবার ক্ষতিপূরণ পেয়েছেন বলে যাতে বঞ্চিত না হন। ২০২৭ সালের আগে গুণগত মান ঠিক রেখে ব্যয় সাশ্রয় করে প্রকল্প সম্পন্ন করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান। এ বিষয়ে সচিব (রুটিন দায়িত্ব) সেতু বিভাগ জানান, আপনি যে চেক পাচ্ছেন সেটা শুদ্ধাচারের অংশ। প্রাপ্যতা অনুসারে ক্ষতিপূরণ প্রদান করা হবে।	বৈষম্যহীনভাবে প্রাপ্য ক্ষতিপূরণ বিধি মোতাবেক প্রদান নিশ্চিতকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।	প্রকল্প পরিচালক, ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প
০২	কামাল পাড়ার বাসিন্দা মোছা: লাকি বেগম হয়রানিবিহীন ক্ষতিপূরণ প্রাপ্তিতে সন্তোষ প্রকাশ করেন। এ বিষয়ে সচিব (রুটিন দায়িত্ব) শুদ্ধাচার বাস্তবায়নের দৃষ্টান্ত পরিলক্ষিত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।	হয়রানিবিহীনভাবে ক্ষতিপূরণ প্রদানের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	প্রকল্প পরিচালক, ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প

০৩	জনাব আবুল হোসেন ক্ষতিপূরণ প্রাপ্তিতে সন্তোষ প্রকাশ করেন। তিনি আরো জানান যে, যদি কাজের ক্ষতিপূরণ সম্ভব না হয় তবে আর্থিক ক্ষতিপূরণ অব্যাহত রাখা এবং সেই সাথে অতিরিক্ত নগদ সহায়তার সুযোগ থাকলে সেটা যাতে জানানো হয় মর্মে অনুরোধ করেন। সচিব (রুটিন দায়িত্ব) বলেন, ক্ষতিগ্রস্থরা জমি দিয়েছেন বিধায় বৃহৎ স্থাপনা নির্মাণ করা আমাদের জন্য সম্ভব হচ্ছে। ক্ষতিপূরণ যথাযথভাবে যেন পাওয়া যায়, সেই জন্যই আমাদের আগমন। যার যা পাওনা তা সে পাবে, কোন বৈষম্য থাকবে না।	বৈষম্যহীনভাবে প্রাপ্য ক্ষতিপূরণ বিধি মোতাবেক প্রদান নিশ্চিতকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।	প্রকল্প পরিচালক, ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প
০৪	আশুলিয়া ইউনিয়নের প্রশাসক জানান যে, রুস্তমপুর ঘাটে খেয়া পারাপার চলছে। এখানে একটি সেতু নির্মাণ করা হলে আশুলিয়া ও বিরুলিয়ার জনগণ অতিদ্রুত ০১ মিনিটের ব্যবধানে সবাই এক্সপ্রেসওয়ে পরবর্তীতে ব্যবহার করতে পারবে।	সেতুটি সেতু বিভাগের Allocation of Business অনুযায়ী নির্ধারিত ১৫০০ মিটারের কম হওয়ায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।	চেয়ারম্যান/ প্রশাসক, আশুলিয়া ইউনিয়ন পরিষদ।
০৫	জনাব শামসুদ্দিন চৌধুরী প্রকল্পটি যথাসময়ে বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে যুগ্মসচিব (উন্নয়ন) বলেন, ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের কাজ সম্পন্ন করতে গিয়ে রাস্তাঘাটে অনেক ধুলোবালি হচ্ছে যেটা স্থানীয় জনসাধারণের জন্য কষ্টকর হওয়া সত্ত্বেও স্থানীয় জনসাধারণের আন্তরিক সহায়তায় প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন হচ্ছে। এজন্য তিনি স্টেকহোল্ডারদেরকে ধন্যবাদ জানান।	নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।	প্রকল্প পরিচালক, ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প
০৬	জনাব সাদিয়া আক্তার, এসিল্যান্ড, আশুলিয়া ঢাকার উত্তর-পশ্চিমাঞ্চল কে ঢাকার দক্ষিণের সাথে যুক্ত করার এ উদ্যোগকে প্রশংসা করেন এবং প্রকল্পের উত্তরোত্তর সাফল্য কামনা করেন। তিনি যে সকল স্টেকহোল্ডার জমি ও নিজেদের স্থাপনা স্থানান্তর কার্যক্রমে অংশগ্রহণ করেছেন তাদের আরো ধন্যবাদ জানান।	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সভা আয়োজনের ধারা অব্যাহত রাখতে হবে।	উপসচিব (প্রশাসন অধিশাখা), সেতু বিভাগ

পরিশেষে আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



৩০-১২-২০২৪
রশিদুল হাসান
সচিব (রুটিন দায়িত্ব)

তারিখ: ১৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৫০.০০.০০০০.২০১.৩৭.০৩২.১৩.৫৮২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ , সেতু বিভাগ।
২। পরিচালক, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
৩। পরিচালক, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
৪। যুগ্মসচিব, উন্নয়ন অনুবিভাগ , সেতু বিভাগ।
৫। পরিচালক, পরিচালক (অর্থ ও হিসাব) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
৬। প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর , বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
৭। উপপ্রকল্প পরিচালক, ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেওয়ে নির্মাণ প্রকল্প।
৮। উপসচিব, প্রশাসন অধিশাখা, সেতু বিভাগ।
৯। প্রকল্প পরিচালক, ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেওয়ে নির্মাণ প্রকল্প।
১০। অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
১১। প্রোগ্রামার, আইসিটি সেল, সেতু বিভাগ।
১২। প্রোগ্রামার , আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
১৩। সহকারী সচিব, প্রশাসন শাখা, সেতু বিভাগ।
১৪। এসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
১৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
১৬। প্রশাসক, আশুলিয়া ইউনিয়ন, সাভার, ঢাকা।
১৭। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, সেতু বিভাগ।
১৮। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, সেতু বিভাগ।
১৯। জনাব..।

৩১-১২-২০২৪
আবদুল্লাহ আল বাকী
উপসচিব